

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৮৭

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি এমন দিনে সিয়াম পালন করে, যে দিনের ব্যাপারে ব্যক্তি সন্দেহ পোষন করে যে, এটা কি শা'বান মাস নাকি রমযান মাস-তবে সে ব্যক্তি পাপী, অবাধ্য হিসেবে গণ্য হবে, যদি সে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিষেধাজ্ঞা সম্পর্কে অবহিত থাকে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ مَنْ صَامَ الْيَوْمَ الَّذِي يشك فيه أمن شعبان هو أم من رَمَضَانَ كَانَ آثِمًا عَاصِيًا إِذَا كَانَ عَالِمًا بِنَهْي الْمُصْطَفَى صلى الله عليه وسلم عَنْهُ

## আরবী

3587 ـ أَخْبَرَنَا الْحُسَيْنُ بْنُ مُحَمَّدِ بْنِ مُصِعْبِ السِّنْجِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدِ الْكِنْدِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو خَالِدٍ الْأَحْمَرُ عَنْ عَمْرِو بْنِ قَيْسٍ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ صِلَةَ بْنِ الْكِنْدِيُّ قَالَ: كُلُوا فَتَنَحَّى بَعْضُ الْقَوْمِ زُفَرَ قَالَ: كُلُوا فَتَنَحَّى بَعْضُ الْقَوْمِ وَقَالَ: كُلُوا فَتَنَحَّى بَعْضُ الْقَوْمِ وَقَالَ: إِنِّي صَائِمٌ فَقَالَ عَمَّارُ بْنُ يَاسِرٍ: مَنْ صَامَ الْيَوْمَ الَّذِي يُشَكُّ فِيهِ فَقَدْ عَصَى أَبَا الْقَاسِم صلى الله عليه وسلم.

الراوي: صِلَة بْن زُفَرَ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3587 | خلاصة حكم المحدث: صحيح \_ ((صحيح أبي داود)) (2022).

## বাংলা

৩৫৮৭. সিলাহ বিন যুফার থেকে বর্ণিত, তিনি বলেন, "আমরা আম্মার বিন ইয়াসির রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে ছিলাম, অতঃপর তার কাছে একটি ভুনা করা মেষের গোসত আনা হয়। তখন তিনি বলেন, "তোমরা খাও।" এই সময় এক ব্যক্তি দুরে সরে যায় এবং বলেন, "আমি সিয়াম রেখেছি।" তখন আম্মার বিন ইয়াসির রাদ্বিয়াল্লাহু আনহু বলেন, "যে ব্যক্তি সন্দেহের দিনে সিয়াম রাখে, সে আবুল কাসিম সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নাফরমানী করলো।"[1]



## ফুটনোট

[1] দারেমী: ২/২; তিরমিযী: ৬৮৬; নাসাঈ: ৪/১৫৩; তাহাবী: ২/১১১; সহীহ ইবনু খুযাইমাহ: ১৯১৪; দারাকুতনী: ২/১৫৭; হাকিম: ১/৪২৩-৪২৪; সুনান বাইহাকী: ৪/২০৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ৩/৭২; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৭৩১৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ২০২২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ সিলাহ বিন যুফার (রহ.)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন